# ভূঞাপুর উপজেলা পরিষদের ডিসেম্বর/২০২১ মাসের সভার কার্যবিবরণী

সভাপতি ঃ মোছাঃ নার্গিস বেগম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ভূঞাপুর, টাঙ্গাইল।

সভার স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ

তারিখ ঃ ২১-১২-২০২১ খ্রি.

সময় ঃ সকাল ১০.৩০ ঘটিকা

উপস্থিত সদস্যবৃন্দের হাজিরা ঃ পরিশিষ্ট " ক "।

সভাপতি সভার প্রারম্ভে সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন এবং উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুরকে সভা পরিচালনার জন্য অনুরোধ জানান। অতঃপর উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর সকল বিভাগীয় কর্মকর্তা ও জনপ্রতিনিধিদের দৃষ্টি আকর্ষণ করে আইন-কানুন/ দিকনির্দেশনা বিবেচনা করে সভায় বক্তব্য রাখার অনুরোধ জানিয়ে আলোচ্যসূচি অনুযায়ী সভা পরিচালনা করেন। সভা শেষে সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ০১ | সভার শুরুতে বিগত ২৯-১১-২০২১ তারিখে অনুষ্ঠিত উপজেলা পরিষদ সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন প্রকার সংশোধনী থাকলে তা সভায় পেশ করার জন্য অনুরোধ করা হয়। অতঃপর বিগত সভার কার্যবিবরণীতে কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত ও দৃঢ়ীকরণ করা হয়। | অনুমোদিত | সংশ্লিষ্ট সকল |
| ০২। | ০২নং আলোচ্যসূচি ঃ উপজেলা পরিষদের বিভিন্ন উন্নয়ন প্রকল্পের অগ্রগতি সম্পর্কে আলোচনা- | | |
| ২(ক) | উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভূঞাপুর সভায় জানান, বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় ২০২১-২২ অর্থবছরে ১ম ও ২য় কিস্তিতে সর্বমোট ৩৯.৬০ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে এবং ৩য় ও ৪র্থ কিস্তির অর্থ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রকল্প গ্রহণের প্রস্তাব করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। | আলোচনান্তে সংশ্লিষ্ট সকলকে প্রকল্প তালিকা প্রস্তুত করে দ্রুত উপজেলা প্রকৌশলীর কার্যালয়ে জমা দেয়ার জন্য অনুরোধ করা হলো। | সংশ্লিষ্ট সকল |
| ০৩। | ০৩ নং আলোচ্যসূচি ঃ বিভাগীয় কাজের অগ্রগতি সম্পর্কে আলোচনা। | | |
| ৩(ক) | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান যে, দেশে করোনা সংক্রমণ কমলেও সারাবিশ্বে করোনার সংক্রমণ দিন দিন বৃদ্ধি পাচ্ছে। তাই সরকারি কর্মকর্তা-কর্মচারীদের বাধ্যতামূলকভাবে অফিসে মাস্ক ব্যবহার করতে হবে। তিনি জানান অত্র উপজেলায় এ পর্যন্ত ১,২০,৬৮৫ জনকে প্রথম ডোজ এবং ৭৯,৯৯০ জনকে দ্বিতীয় ডোজ প্রদান করা হয়েছে। শতকরা ৫১% টিকাদান সম্পন্ন হয়েছে। সরকারি নির্দেশনা মোতাবেক খুবই শীঘ্রই করোনার বুস্টার ডোজ প্রদান করা হবে। পাশাপাশি করোনার টিকা প্রাপ্তি সাপেক্ষে বিভিন্ন ইউনিয়নের চেয়ারম্যানদের সাথে সমন্বয় করে করোনার গণটিকাদান কার্যক্রম চালু করা হবে। এ ব্যাপারে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। তিনি সভায় নির্বাহী প্রকৌশলী, বিউবো, ভূঞাপুর এর দৃষ্টি আকর্ষণ করে হাসপাতাল ও হাসপাতাল কোয়াটারের মিটার দেখে বিদ্যুৎ বিল দাখিলের অনুরোধ জানান। | আলোচনান্তে হাসপাতালে আগত রোগীদের যথাযথ চিকিৎসা সেবা নিশ্চিত করাসহ করোনার টিকাদান কার্যক্রম আরও গতিশীল করার জন্য উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তাকে অনুরোধ করা হয়। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর |

চলমান পাতা-২

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩(ক)</td><td>উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর সভায় আরও জানান, সারাদেশের সকল উপজেলায় মহিলাদের জরায়ু মুখের ক্যান্সার সনাক্তকরণ পরীক্ষা ভায়া টেস্ট করা হচ্ছে। এ পরীক্ষায় সারাদেশের মধ্যে টাঙ্গাইল জেলা প্রথম স্থান অর্জন করে। আর টাঙ্গাইল জেলার মধ্যে সম্মিলিতভাবে ভূঞাপুর উপজেলা প্রথম স্থান অর্জন করায় উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুরকে সম্মাননা স্মারক প্রদান করা হয়। এ সম্মাননা পাওয়ায় তিনি সকল সাপোর্টিং স্টাফসহ সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। তিনি বলেন প্রাথমিক পর্যায়ে মহিলাদের ভায়া টেস্টের জরায়ু ক্যান্সার সনাক্ত করা গেলে মহিলাদের অকাল মৃত্যুর হার অনেকটা হ্রাস করা সম্ভব। তাই তিনি ৩০-৬০ বছর বয়সী মহিলাদের জরায়ু ক্যান্সার সনাক্তের জন্য হাসপাতালে ভায়া টেস্ট করানোর ব্যাপারে মহিলাদের সচেতন করার জন্য ইউপি চেয়ারম্যানদের অনুরোধ জানান এবং ভায়া টেস্ট করানোর জন্য উপজেলা পরিষদ থেকে আর্থিক সহায়তা কামনা করেন। এছাড়া তিনি জানান, হাসপাতালে চিকিৎসা সেবা প্রদানসহ দপ্তরের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>-</td><td>-</td></tr>
<tr><td>৩(খ)</td><td>উপজেলা কৃষি অফিসার, ভূঞাপুর সভায় অনুপস্থিত।</td><td>তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা কৃষি অফিসার, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(গ)</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা (চঃ দাঃ), ভূঞাপুর এর প্রতিনিধি সভায় জানান যে, মৎস্য বিভাগের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(ঘ)</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূঞাপুর এর প্রতিনিধি সভায় জানান, অত্র উপজেলার প্রতিটি জনগণের জন্য দুধ, ডিম ও মাংসের চাহিদা পূরণের লক্ষ্যে দুধ, ডিম ও মাংস উৎপাদনে তার দপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। এজন্য কৃত্রিম প্রজননের মাধ্যমে উন্নত প্রজাতির গাভী বাড়ানোর কাজ চলছে। তিনি সভায় আরও বলেন, বিভাগীয় সম্প্রসারণমূলক কার্যক্রম অব্যাহত আছে। এছাড়া তিনি সভায় তার দপ্তরের চলতি ডিসেম্বর/২১ মাসের কার্যক্রমের আংশিক চিত্র তুলে ধরেন। যা নিম্নরূপ:<br>
<table>
<tr><th>কার্যক্রমের নাম</th><th>সংখ্যা</th><th>রাজস্ব আয়</th></tr>
<tr><td>ক) কৃত্রিম প্রজনন</td><td>৯৫৩ টি</td><td rowspan="2">২৮,৫৯০/-</td></tr>
<tr><td>খ) শংকর জাতের বাচ্চা উৎপাদন</td><td>৩৩৪ টি</td></tr>
<tr><td>গ) গবাদি প্রাণির প্রতিষেধক টিকা প্রদান</td><td>৩৯৬ মাত্রা</td><td rowspan="2">৬,৫৬৫/-</td></tr>
<tr><td>ঘ) হাঁস-মুরগির প্রতিষেধক টিকা প্রদান</td><td>৪০,৭০০ মাত্রা</td></tr>
<tr><td>ঙ) গবাদি প্রাণির চিকিৎসা</td><td>১,৬৪৭ টি</td><td>বিনামূল্যে</td></tr>
<tr><td>চ) হাঁস-মুরগির চিকিৎসা</td><td>৩০,০০০ টি</td><td>বিনামূল্যে</td></tr>
</table>
এছাড়া ক্ষুদ্র ঋণ আদায় কার্যক্রমসহ অন্যান্য সম্প্রসারণমূলক কার্যক্রম অব্যাহত আছে।</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(ঙ)</td><td>উপজেলা শিক্ষা অফিসার, ভূঞাপুর সভায় জানান, ২০২১ সালের প্রাথমিক শিক্ষা সমাপনী ও এবতেদায়ী শিক্ষা সমাপনী পরীক্ষা অনুষ্ঠিত হবে না। সরকারি নির্দেশনা মোতাবেক মূল্যায়ন করে শিক্ষার্থীদের পরবর্তী শ্রেণিতে উত্তীর্ণ করা হবে। সে লক্ষ্যে মূল্যায়ন কাজ চলমান রয়েছে। তিনি সভায় আরও জানান, অত্র উপজেলার চাহিদা অনুযায়ী পাঠ্যপুস্তক পাওয়া গেছে। করোনা পরিস্থিতি স্বাভাবিক থাকলে এবং সরকারি নির্দেশনা পেলে আগামী পহেলা জানুয়ারি ২০২২ তারিখ বই উৎসব পালন করা হবে। এছাড়া তিনি বলেন তার দপ্তরের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা শিক্ষা অফিসার, ভূঞাপুর</td></tr>
</table>

চলমান পাতা-৩

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(চ) | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূঞাপুর সভায় জানান, (১) ২০২২ শিক্ষাবর্ষে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রদত্ত বিনামূল্যের পাঠ্যবই বিতরণের জন্য জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা হতে অত্র উপজেলায় আসতে শুরু করেছে। অত্র উপজেলায় মাধ্যমিক পর্যায়ে পাঠ্যবইয়ের চাহিদা ২,২১,৯৮৫; এবতেদায়ী পর্যায়ে ৫৪,১৬০; দাখিল পর্যায়ে ৬০,৬৫৫; এসএসসি ভোকেশনাল পর্যায়ে ১২,৪৮০; দাখিল ভোকেশনাল পর্যায়ে ১,২০৫ এবং এসএসসি ও দাখিল ভোকেশনাল ট্রেড পর্যায়ে ৮,৯০০ সর্বমোট ৩,৫৯,৩৮৫। চাহিদা অনুযায়ী ৩৪.৮৪% পাঠ্যপুস্তক উপজেলায় আসছে। (২) ৫০তম শীতকালীন জাতীয় ক্রীড়া প্রতিযোগিতা শুরু হতে যাচ্ছে। উপজেলা পর্যায়ে শীতকালীন প্রতিযোগিতা ১৮-০১-২০২২ তারিখ হতে ২৫-০১-২০২২ তারিখের মধ্যে অনুষ্ঠিত হবে। (৩) মহান বিজয় দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে উদ্‌যাপিত হয়েছে। (৪) বৃক্ষরোপণে প্রধানমন্ত্রীর জাতীয় পুরস্কার-২০২১ প্রদানের আবেদনের বিজ্ঞপ্তি উপজেলার সকল শিক্ষা প্রতিষ্ঠানে পাঠানো হয়। এছাড়া তিনি বলেন তার মাধ্যমিক শিক্ষা বিভাগের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, ভূঞাপুর |
| ৩(ছ) | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূঞাপুর বিজয়ের মাসে সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানসহ সকল শহীদদের আত্মার মাগফেরাত কামনা করে সভায় বলেন, ২০২১-২২ অর্থবছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার ও রক্ষণাবেক্ষণ (কাবিখা-কাবিটা-টিআর) কর্মসূচির আওতায় সাধারণ ১ম পর্যায়ে কাবিখা ৬৬.০০১ মেঃ টন চালের বিপরীতে ০৯টি প্রকল্প, কাবিখা ৬৬.০০১ মেঃ টন গমের বিপরীতে ০৮টি প্রকল্প ও কাবিটা ৩১,১৯,১৪০/৬১ টাকার বিপরীতে ১০টি প্রকল্প গ্রহণ করে সেগুলো বাস্তবায়ন করা হয়েছে। ইউনিয়ন পরিষদ নির্বাচনের কারণে সকল কার্যক্রম আপাতত বন্ধ রয়েছে। নির্বাচনের পর বিল প্রদান করা হবে। তিনি সভায় বলেন, মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের মাধ্যমে বীর নিবাস নির্মাণ প্রকল্পের আওতায় অত্র উপজেলার বীর মুক্তিযোদ্ধার জন্য ১১টি বীর নিবাস নির্মাণের কাজ চলমান রয়েছে। তিনি সভায় আরও বলেন, অত্র উপজেলার অনুকূলে বরাদ্দকৃত ৩,২৮০টি কম্বল ইউনিয়নওয়ারী বিভাজন পূর্বক গরীব ও দুস্থ শীতার্ত মানুষের মাঝে দ্রুত বিতরণের জন্য সংশ্লিষ্ট ইউনিয়নকে পত্র দেয়া হয়েছে। তিনি বলেন ৪০ দিনের কর্মসূচির কাজ বাস্তবায়নের নিমিত্ত বরাদ্দকৃত অর্থ সরাসরি উপকারভোগীদের মাঝে দেয়া হবে। উপকারীভোগীরা দৈনিক ৪০০/- টাকা হারে মজুরী পাবে। খুব শীঘ্রই উপকারভোগী নির্বাচন করে কাজ শুরু করা হবে। এ ব্যাপারে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(জ) | উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর সভায় জানান, (১) বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী ভাতাভোগীদের ডিজিটাল পদ্ধতিতে মোবাইল ব্যাংকিং নগদ এর মাধ্যমে সামাজিক নিরাপত্তা কর্মসূচির ভাতা প্রদান অব্যাহত আছে। এছাড়া প্রান্তিক জনগোষ্ঠীর ১০টি পেশায় কর্মরত মানুষদের জরিপ কাজ শেষ হয়েছে। ভূঞাপুর উপজেলায় এ পেশায় ৬১২ জনের জরিপ সম্পন্ন হয়েছে। মহান বিজয় দিবস ও স্বাধীনতার ৫০ বছর উদ্‌যাপন উপলক্ষে সমাজসেবা অধিদপ্তর ক্ষুদ্র ঋণ জাগরণী সপ্তাহ পালনের সিদ্ধান্ত নিয়েছে। এ উপলক্ষে ভূঞাপুর উপজেলায় ঋণ বিতরণ ও আদায় অব্যাহত আছে। (২) দগ্ধজনিত ও প্রতিবন্ধী ব্যক্তিদের পুনর্বাসন কর্মসূচিতে ক্ষুদ্রঋণ সহায়তায় ১৬,৬২,৫৩৭/- টাকা ঋণ বিতরণ করা আছে। আদায় হলে পুনরায় ঋণ বিতরণ করা হয়। (৩) চরাঞ্চলের দুঃস্থ গরীব রোগী হাসপাতালে ভর্তি করলে রোগীকল্যাণ সমিতির মাধ্যমে চিকিৎসা সেবা দেয়া হচ্ছে। এ কর্মসূচির আওতায় রোগীকল্যাণ সমিতিতে দাতা ও আজীবন সদস্য হওয়ার জন্য সকলকে অনুরোধ জানান। (৪) ক্যান্সার, কিডনী, লিভার সিরোসিস ও জন্মগত হৃদরোগ ও স্ট্রোকে প্যারালাইজড রোগীর জন্য ৫০,০০০/- টাকার আর্থিক অনুদান পাওয়ার জন্য সংশ্লিষ্ট পরিবার/ রোগীকে আবেদন কাজে সহযোগিতা করার জন্য অনুরোধ জানানো হয়। ইউনিয়নের বিভিন্ন ওয়ার্ডে এ ধরনের রোগী থাকলে তাদেরকে আবেদন করার অনুরোধ জানান। এছাড়া তিনি জানান, তার দপ্তরের সামাজিক নিরাপত্তা কর্মসূচিসহ অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর |

চলমান পাতা-৪

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(ঝ) | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ঞ) | উপজেলা সমবায় কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিভাবে চলছে। এছাড়া তিনি সভায় তার দপ্তরের ডিসেম্বর/২১ মাস পর্যন্ত সময়ের কার্যক্রম তুলে ধরেন। যা নিম্নরূপ : | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা সমবায় কর্মকর্তা, ভূঞাপুর |

| ক্রমিক নং | বিবরণ | বার্ষিক লক্ষ্যমাত্রা ২০২১-২২ | বিগত মাসে অর্জন | ডিসেম্বর/২১ মাসে অর্জন | মোট অর্জন | লক্ষ্যমাত্রা অর্জনের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|
| ১। | নিরীক্ষা | ১০৮ | ৩২ | ২৩ | - | ২২% | |
| ২। | নির্বাচন/এডহক | ১৭ | ০৫ | - | ০৫ | ২৯% | |
| ৩। | পরিদর্শন | ৩৬ | ১৫ | ০৩ | ১৮ | ৪২% | |
| ৪। | ভ্রাম্যমান প্রশিক্ষণ | ০৪ | ০১ | ০১ | ০২ | ৫০% | |
| ৫। | সমবায় ইনস্টিটিউটে প্রশিক্ষণার্থী প্রেরণ | ১০০% | - | - | - | ১০০% | |
| ৬। | ননটেক্স রেভিনিউ : | | | | | | |
| | ক) অডিট ফি | ২৮৬২০/- | ২৮৬২০/- | - | ২৮৬২০/- | ১০০% | |
| | খ) ভ্যাট | ৪২৯৮/- | ৪২৯৮/- | - | ৪২৯৮/- | ১০০% | |
| | গ) সিডিএফ | ১১১৫১/- | ১১১৫১/- | - | ১১১৫১/- | ১০০% | |
| | ঘ) নিবন্ধন ফি | - | - | - | - | ০% | |
| ৭। | সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি)- ৩য় পর্যায়, সমবায় অংশ ঃ প্রকল্প সমিতি নিবন্ধন | ৪২ | ০০ | ০০ | ৪২ | ৭৪% | |
| ৮। | গ্রামকর্মী নিয়োগ | ৪২ | ০০ | ০০ | ৪২ | ৭৪% | |
| ৯। | ২০১৯-২০ অর্থবছরে ১২০০ জন সমবায়ী/ গ্রামকর্মীদের প্রশিক্ষণ প্রদান করা হয়েছে এবং সার্বিক গ্রাম উন্নয়ন কর্মসূচি (সিভিডিপি) ৩য় পর্যায় এর প্রশিক্ষণ কার্যক্রম চলমান আছে। | | | | | | |

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(ট) | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ঠ) | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূঞাপুর সভায় অনুপস্থিত। | তাঁকে আগামী উপজেলা পরিষদ সভায় উপস্থিত থেকে বিভাগীয় আলোচনায় অংশগ্রহণ করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূঞাপুর |
| ৩(ড) | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরে ২০১৯-২০২০ অর্থবছরে ১৫৬টি নলকূপের স্থাপন কাজ শুরু হয়। বর্তমানে কাজটি সাময়িক বন্ধ আছে এবং দ্রুত সময়ের মধ্যে কাজটি শুরু হবে। তিনি আরও বলেন, ২০২০-২১ অর্থবছরে ১৫৬টি নলকূপের বরাদ্দ পাওয়া গেছে। উক্ত বরাদ্দের ইউনিয়নওয়ারী বিভাজন করে তালিকা দেয়ার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া তিনি বলেন তার দপ্তরের বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূঞাপুর |

চলমান পাতা-৫

<table>
<tr><th>ক্রঃ নং</th><th>আলোচ্য বিষয়</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নে</th></tr>
<tr><td>৩(ঢ)</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া তিনি সভায় তার দপ্তরের ২০২১-২২ অর্থবছরের জুলাই/২১ হতে ডিসেম্বর/২১ পর্যন্ত মাসের বিভিন্ন কার্যক্রমের অগ্রগতির চিত্র তুলে ধরেন। যা নিম্নরূপ ঃ-
<table>
<tr><th>ক্রঃ নং</th><th>প্রকল্প/কর্মসূচির নাম</th><th>আদায়<br>(লক্ষ টাকায়)</th><th>বিতরণ<br>(লক্ষ টাকায়)</th></tr>
<tr><td>১।</td><td>পদাবিক</td><td>১১৮.৭৯</td><td>১০৬.৭২</td></tr>
<tr><td>২।</td><td>আবর্তক</td><td>১৮.৫৩</td><td>১৩.৭১</td></tr>
<tr><td>৩।</td><td>সদাবিক</td><td>৩৫.৬২</td><td>৩৮.৬২</td></tr>
<tr><td>৪।</td><td>মুক্তিযোদ্ধা</td><td>৩.২৯</td><td>০.০০</td></tr>
<tr><td>৫।</td><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>৮.৫৯</td><td>১২.১৫</td></tr>
<tr><td>৬।</td><td>অপ্রধান শস্য</td><td>১০.১৪</td><td>১৬.৭০</td></tr>
<tr><td>৭।</td><td>এসএমই</td><td>০.৩০</td><td>৫.০০</td></tr>
<tr><td></td><td>মোট =</td><td>১৯৫.২৬</td><td>১৯২.৯০</td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(ণ)</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার (ভারপ্রাপ্ত), ভূঞাপুর সভায় জানান, তার দপ্তরের দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা পরিসংখ্যান অফিসার, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(ত)</td><td>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূঞাপুর সভায় জানান, বর্তমানে কোন প্রশিক্ষণ কার্যক্রম চালু নেই। সরকারি নির্দেশনা মোতাবেক ছাত্র-ছাত্রীদের যথাযথভাবে মূল্যায়নের বিষয়ে শিক্ষকদের নির্দেশনা প্রদান করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূঞাপুর</td></tr>
<tr><td>৩(থ)</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ভূঞাপুর সভায় জানান, তার দপ্তর ক্ষুধা ও দারিদ্রমুক্ত বাংলাদেশ গড়ার প্রত্যয়ে দরিদ্র ও সুবিধাবঞ্চিত গ্রামীণ নারী-পুরুষদেরকে সংগঠিত করে নিয়মিত সঞ্চয় সংগ্রহের মাধ্যমে সদস্যদের পুঁজি গঠন, ঋণ সহায়তা প্রদানের মাধ্যমে তাদের অর্থনৈতিক অবস্থার উন্নয়ন, প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষতা উন্নয়ন, আত্মকর্মসংস্থান সৃষ্টি এবং নারীর ক্ষমতায়ন ও সক্ষমতা বৃদ্ধির জন্য নিরলসভাবে কাজ করে যাচ্ছে। তিনি সভায় তার দপ্তরের বিভিন্ন কর্মকাণ্ডের নভেম্বর/২১ মাস পর্যন্ত কার্যক্রমের অগ্রগতি তুলে ধরেন। যা নিম্নরূপ :
<table>
<tr><th>ক্র: নং</th><th>লক্ষ্যিত বিষয়</th><th>২০২১-২২ অর্থবছরের অগ্রগতি</th><th>মন্তব্য</th></tr>
<tr><td>০১</td><td>মোট সমিতির সংখ্যা</td><td>৯১ টি</td><td></td></tr>
<tr><td>০২</td><td>মোট উপকারভোগীর সংখ্যা</td><td>৩,৬১৪ জন</td><td></td></tr>
<tr><td>০৩</td><td>নেতৃত্ব বিকাশ ও সামাজিক উন্নয়ন প্রশিক্ষণ প্রদান</td><td>-</td><td></td></tr>
<tr><td>০৪</td><td>দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ প্রদান</td><td>-</td><td></td></tr>
<tr><td>০৫</td><td>মোট ঋণ বিতরণের পরিমাণ</td><td>১৭৮.০৮</td><td></td></tr>
<tr><td>০৬</td><td>মোট ঋণ বিতরণের সংখ্যা</td><td>৩১৪ জন</td><td></td></tr>
<tr><td>০৭</td><td>মোট ঋণ আদায়ের পরিমাণ</td><td>১২৮.৫৭</td><td></td></tr>
<tr><td>০৮</td><td>গড় ঋণ আদায়ের হার</td><td>৯০%</td><td></td></tr>
<tr><td>০৯</td><td>মোট পুঁজি (সঞ্চয়) গঠনের পরিমাণ (ক্রমপুঞ্জিত)</td><td>৪৮৩.১১</td><td></td></tr>
<tr><td>১০</td><td>মোট মাঠে পাওনা ঋণের পরিমাণ</td><td>৪০২.৯৭</td><td></td></tr>
<tr><td>১১</td><td>সঞ্চয় ও মাঠে পাওনা ঋণের অনুপাত</td><td>১১৯ : ১০০</td><td></td></tr>
</table></td><td>বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়।</td><td>উপজেলা দারিদ্র্য বিমোচন কর্মকর্তা, ভূঞাপুর</td></tr>
</table>

চলমান পাতা-৬

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৩(দ) | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর এর প্রতিনিধি সভায় জানান, ভূঞাপুরে বিদ্যুৎ বিভাগের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। বর্তমানে ভূঞাপুর উপজেলায় বিদ্যুৎ বিভাগের একটি প্রকল্পের কাজ চলমান রয়েছে। যার কারণে অনেক সময় বিদ্যুৎ সরবরাহ বন্ধ রাখতে হয়। এ সাময়িক অসুবিধার জন্য তিনি দুঃখ প্রকাশ করেন। তিনি সভায় আরও জানান, জানুয়ারি/২২ মাসের শুরুর দিকে সেচ কার্যক্রম শুরু হবে। এ সময় যে সকল নতুন সেচ স্কিম অনুমোদন হবে সেগুলোর যাতে দ্রুত ছাড়পত্র দেয়া হয় সেজন্য উপজেলা নির্বাহী অফিসার মহোদয়কে অনুরোধ জানান। এছাড়া তিনি সভায় বলেন ভূঞাপুরে নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সেবা প্রদানের লক্ষ্যে তার দপ্তর নিরলসভাবে কাজ করে যাচ্ছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর |
| ৩(ধ) | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভূঞাপুর সভায় জানান, এ প্রকল্পের মাধ্যমে গ্রামীণ ও সুবিধাবঞ্চিত নারীদের বিনামূল্যে তথ্য প্রযুক্তিভিত্তিক সেবা প্রদান করে যাচ্ছে। এ প্রকল্পে নিয়োজিত কর্মীরা গ্রামীণ মহিলাদের বাড়ি বাড়ি গিয়ে কৃষি, শিক্ষা, স্বাস্থ্য, আইন, ব্যবসা ও জেন্ডার বিষয়ে পরামর্শ প্রদান করে যাচ্ছে। এছাড়া তথ্যকেন্দ্র এবং বাড়ি বাড়ি গিয়ে মহিলাদের প্রাথমিক স্বাস্থ্যসেবা যেমন- ডায়াবেটিকস, রক্তচাপ পরিমাপ ও ওজন পরিমাপ করে দেয়া হচ্ছে। প্রকল্পের প্রধান কার্যালয়ের নির্দেশনা অনুযায়ী ডিসেম্বর/২১ মাস থেকে বাল্যবিবাহ, নারী নির্যাতন, ডিজিটাল সেবা বিষয়ে সচেতনতামূলক ৪টি করে উঠান বৈঠক আয়োজন করা হচ্ছে। তথ্য আপা প্রকল্প থেকে অনলাইন ব্যবসা করার জন্য লাল সবুজ.কম নামে একটি ই-কমার্স প্লাটফর্ম তৈরি করা হয়েছে। ভূঞাপুর উপজেলাধীন নারী উদ্যোক্তা যারা অনলাইন ব্যবসা করতে আগ্রহী তাদেরকে তথ্যআপার তথ্যকেন্দ্রে যোগাযোগ করার জন্য সভায় অনুরোধ জানান। এছাড়া তিনি জানান তার দপ্তরের অন্যান্য দৈনন্দিন কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম গতিশীল করার সিদ্ধান্ত গৃহীত হয়। | তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভূঞাপুর |
| ০৪। | ৪নং আলোচ্যসূচি ঃ বিবিধ | | |
| ৪(১) | চেয়ারম্যান, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর সভায় সকলের সার্বিক সহযোগিতায় দীর্ঘদিন এ পরিষদে সঠিকভাবে দায়িত্ব পালন করতে পারায় সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং কাজ করতে গিয়ে যদি কারও মনে কোন কষ্ট দিয়ে থাকেন তাহলে তা ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ জানান। পাশাপাশি আগামী দিনগুলোতে যাতে সুন্দরভাবে কাটাতে পারেন সেজন্য সকলের নিকট দোয়া চান এবং সকলের সুস্বাস্থ্য কামনা করেন। | - | - |
| ৪(২) | চেয়ারম্যান, অলোয়া ইউপি, ভূঞাপুর সভায় দীর্ঘদিন এ পরিষদে সকলের সার্বিক সহযোগিতায় মিলেমিশে একসাথে কাজ করতে পারায় সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেন এবং কাজ করতে গিয়ে যদি কারও মনে কোন কষ্ট দিয়ে থাকেন তাহলে তা ক্ষমা সুন্দর দৃষ্টিতে দেখার অনুরোধ জানান। এছাড়া সকলের দোয়া ও ভালোবাসায় আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনেও যাতে নির্বাচিত হয়ে তার ইউনিয়নের জনগণের কল্যাণে কাজ করতে পারেন সে আশাবাদ ব্যক্ত করেন। | - | - |
| ৪(৩) | জনাব আলিফনুর, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর সভায় নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর এর দৃষ্টি আকর্ষণ করে বলেন, বিদ্যুৎ বিভাগে নিয়োজিত মিটার রিডারগণ গ্রাহকের মিটার না দেখেই মনগড়া বিল প্রদান করায় অনেক সময় বিল বকেয়া থেকে যায়। পরে যখন বকেয়াসহ বিল দাখিল করা হয় তখন গ্রাহকরা বিপদে পড়ে যায় এবং গ্রাহকদের বিল পরিশোধ করতে অনেক অসুবিধা হয়। তাই গ্রাহকদের মিটার দেখে বিল প্রদান নিশ্চিত করাসহ গ্রাহকরা যাতে বকেয়া বিদ্যুৎ বিল মাসে মাসে পরিশোধ করতে পারে সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তিনি নির্বাহী প্রকৌশলী, বিউবো, ভূঞাপুরকে অনুরোধ জানান। এছাড়া তিনি সভায় (১) বাগবাড়ী কবরস্থানের রাস্তা নির্মাণ প্রকল্প, (২) ভূঞাপুর উপজেলার দরিদ্র জনগণের মাঝে বিতরণের জন্য নলকূপ সরবরাহ প্রকল্প এবং (৩) ভূঞাপুর উপজেলার দুঃস্থ মহিলাদের মাঝে বিতরণের জন্য সেলাই মেশিন সরবরাহ প্রকল্প অনুমোদনের প্রস্তাব করেন। | - | - |

চলমান পাতা-৭

| ক্রঃ নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|
| ৪(৪) | উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর সভায় গত ১৬ ডিসেম্বর ২০২১ মহান বিজয় দিবস উপলক্ষে আয়োজিত স্বাধীনতার সুবর্ণজয়ন্তী ও মুজিব শতবর্ষ সকলের সার্বিক সহযোগিতায় সুষ্ঠু ও সুন্দরভাবে উদ্‌যাপিত হওয়ায় সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন এবং বলেন মহান বিজয় দিবস উপলক্ষে বীর মুক্তিযোদ্ধা ও বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা প্রদান ও আপ্যায়ন বাবদ ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা ব্যয় হয়েছে। উক্ত টাকার বিল তিনি উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার অনুরোধ জানান। পাশাপাশি তিনি আগামী ২৬ ডিসেম্বর অনুষ্ঠিতব্য ইউনিয়ন পরিষদ নির্বাচন ঘিরে যাতে কোথাও কোন অপ্রীতিকর ঘটনা না ঘটে এবং নির্বাচন যাতে সুষ্ঠু ও সুন্দর পরিবেশে অনুষ্ঠিত হয় সেজন্য সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন। এছাড়া তিনি উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) অর্থায়নে দ্রুত প্রকল্প গ্রহণের অনুরোধ জানান। | আলোচনান্তে সর্বসম্মতিক্রমে মহান বিজয় দিবস-২০২১ উপলক্ষে বীর মুক্তিযোদ্ধা ও বীর মুক্তিযোদ্ধা পরিবারের সদস্যদের সংবর্ধনা প্রদান ও আপ্যায়ন বাবদ ব্যয়িত ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকার বিল উপজেলা পরিষদ রাজস্ব তহবিল থেকে পরিশোধ করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর<br>২। উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর |
| ৪(৫) | সভাপতি সভায় দীর্ঘক্ষণ প্রাণবন্ত ও গুরুত্বপূর্ণ আলোচনা করায় সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে মহান বিজয় দিবসের শুভেচ্ছা জানান। তিনি সভায় উপজেলা প্রকৌশলীর দৃষ্টি আকর্ষণ করে বার্ষিক উন্নয়ন কর্মসূচির (এডিপি) আওতায় প্রকল্প গ্রহণের নিমিত্ত জনপ্রতিনিধিসহ সংশ্লিষ্ট সকলের নিকট থেকে প্রকল্প তালিকা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। পাশাপাশি চলতি অর্থবছরে রাজস্ব ও উন্নয়ন তহবিলের অর্থায়নে বাস্তবায়িত প্রকল্পের বিষয়ে প্রতিবেদন দেয়ার জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ জানান। এছাড়া তিনি সভায় সকলের সার্বিক সহযোগিতায় ভূঞাপুর উপজেলাকে একটি উন্নয়নের মডেল হিসেবে পরিণত করার আশাবাদ ব্যক্ত করেন। | – | – |

অতঃপর সভায় দীর্ঘক্ষণ প্রাণবন্ত আলোচনা হওয়ায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

22.12.21

(মোছাঃ নার্গিস বেগম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ, ভূঞাপুর
ও
সভাপতি
উপজেলা পরিষদ সভা
ভূঞাপুর, টাঙ্গাইল।

স্মারক নং- ০৫.৩০.৯৩১৯.০০০.০৫৫১.২০১৩-৯০৪(৪০)

তারিখ ঃ ২২/১২/২০২১ খ্রিঃ

<u>সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-</u>

১. মাননীয় সংসদ সদস্য-১৩১, টাঙ্গাইল-২।
২. সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, টাঙ্গাইল।
৪. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর, টাঙ্গাইল।
৫. মেয়র, ভূঞাপুর পৌরসভা, ভূঞাপুর, টাঙ্গাইল।
৬. ভাইস চেয়ারম্যান/ মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর, টাঙ্গাইল।
৭. উপজেলা ---------------------------------- কর্মকর্তা, ভূঞাপুর, টাঙ্গাইল।
৮. চেয়ারম্যান, ------------------------- ইউপি (সকল), ভূঞাপুর, টাঙ্গাইল।
৯. জনাব ------------------------------------------, ভূঞাপুর, টাঙ্গাইল।
১০. অফিস নথি।

২২/১২/২১
(মোছাঃ ইশরাত জাহান)
উপজেলা নির্বাহী অফিসার
ভূঞাপুর, টাঙ্গাইল।

পরিশিষ্ট-"ক"

২১-১২-২০২১ খ্রি. তারিখ সকাল ১০.৩০ ঘটিকায় অনুষ্ঠিত ভূঞাপুর উপজেলা পরিষদের মাসিক সভায় উপস্থিত ও অনুপস্থিত সদস্য ও কর্মকর্তাদের তালিকা ঃ

উপস্থিত সদস্য/ কর্মকর্তাবৃন্দ/ আমন্ত্রিত সদস্য/ অতিথি ঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

| ক্রমিক নং | নাম ও পদবী |
|---|---|
| ১। | জনাব আলিফনুর, মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ২। | জনাব মোঃ মোস্তাফিজুর রহমান তালুকদার, চেয়ারম্যান, গোবিন্দাসী ইউপি, ভূঞাপুর। |
| ৩। | জনাব মোঃ রহিজ উদ্দিন আকন্দ, চেয়ারম্যান, অলোয়া ইউপি, ভূঞাপুর। |
| | কর্মকর্তাবৃন্দ |
| ১। | জনাব মোছাঃ ইশরাত জাহান, উপজেলা নির্বাহী অফিসার, ভূঞাপুর। |
| ২। | ডাঃ মহী উদ্দিন আহমেদ, উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৩। | জনাব এটিএম সামসুজ্জামান, উপজেলা মৎস্য কর্মকর্তা, ভূঞাপুর এর প্রতিনিধি। |
| ৪। | ডাঃ স্বপন চন্দ্র দেবনাথ, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, ভূঞাপুর এর প্রতিনিধি। |
| ৫। | নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভূঞাপুর (আমন্ত্রিত) এর প্রতিনিধি। |
| ৬। | জনাব মোঃ শফিকুল ইসলাম মন্ডল, উপজেলা প্রকৌশলী, এলজিইডি, ভূঞাপুর। |
| ৭। | জনাব এমজি মাহমুদ ইজদানী, উপজেলা শিক্ষা অফিসার, ভূঞাপুর। |
| ৮। | জনাব মোঃ শাহীনুর ইসলাম, উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৯। | জনাব মোহাম্মদ শহিদুজ্জামান মাহমুদ, উপজেলা সমাজসেবা অফিসার, ভূঞাপুর। |
| ১০। | জনাব মোঃ জহুরুল ইসলাম, উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১১। | জনাব মোঃ আব্দুর রাজ্জাক, উপজেলা সমবায় কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১২। | জনাব কণিকা মল্লীক, উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১৩। | জনাব মোঃ মোজাম্মেল হক, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১৪। | জনাব মোঃ জাহিদুল ইসলাম, উপজেলা পরিসংখ্যান অফিসার (ভারপ্রাপ্ত), ভূঞাপুর। |
| ১৫। | জনাব আব্দুল্লাহ আল মামুন, সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য), ভূঞাপুর। |
| ১৬। | জনাব রাজিয়া সুলতানা, ইন্সট্রাক্টর, উপজেলা রিসোর্স সেন্টার, ভূঞাপুর। |
| ১৭। | জনাব মোঃ মোফাজ্জল হোসেন, উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ১৮। | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প, ভূঞাপুর, টাঙ্গাইল। |
| ১৯। | জনাব জলি রানী দাস, তথ্য সেবা কর্মকর্তা, তথ্য আপা প্রকল্প, ভূঞাপুর, টাঙ্গাইল। |

অনুপস্থিত সদস্য

| | |
|---|---|
| ১। | জনাব মোঃ মাসুদুল হক মাসুদ, মেয়র, ভূঞাপুর পৌরসভা, ভূঞাপুর। |
| ২। | জনাব মোঃ মনিরুল ইসলাম, ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ৩। | জনাব আল মামুন রাসেল, উপজেলা কৃষি অফিসার, ভূঞাপুর। |
| ৪। | অফিসার ইনচার্জ, ভূঞাপুর থানা, টাঙ্গাইল। |
| ৫। | জনাব তাহমিনা তাবাসতুম, উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৬। | জনাব মোঃ সাইফুর রহমান, উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, ভূঞাপুর। |
| ৭। | জনাব মোঃ আইয়ুব আলী মোল্লা, চেয়ারম্যান, অর্জুনা ইউপি, ভূঞাপুর। |
| ৮। | জনাব মোঃ মনিরুজ্জমান, চেয়ারম্যান, গাবসারা ইউপি, ভূঞাপুর। |
| ৯। | জনাব মোঃ সাইদুল ইসলাম তালুকদার, চেয়ারম্যান, ফলদা ইউপি, ভূঞাপুর। |
| ১০। | জনাব মুহাম্মদ আব্দুল মতিন সরকার, চেয়ারম্যান, নিকরাইল ইউপি, ভূঞাপুর। |
| ১১। | জনাব মোছাঃ মঞ্জুয়ারা বেগম, সংরক্ষিত আসনের মহিলা সদস্য-১, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ১২। | জনাব মোছাঃ রেখা চৌধুরী, সংরক্ষিত আসনের মহিলা সদস্য-২, উপজেলা পরিষদ, ভূঞাপুর। |
| ১৩। | উপজেলা সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার প্রকল্প, ভূঞাপুর। |